

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮৪

আগরতলা, ২০ সেপ্টেম্বর, ২০২৪

৪৩তম আগরতলা বইমেলা ২০২৫ সালের
জানুয়ারি মাসে আয়োজনের উদ্যোগ

৪৩তম আগরতলা বইমেলা ২০২৫ আগামী বছর জানুয়ারি মাসের প্রথম দিকে আয়োজন করার উদ্যোগ নেওয়া হয়েছে। পরীক্ষা, আবহাওয়াজনিত সমস্যা ইত্যাদি বিষয়গুলি বিবেচনায় সমস্ত বইপ্রেমী, প্রকাশক, লেখক, কবি, সাহিত্যিক, শিল্পীমহল সহ সংশ্লিষ্ট সকলের সুবিধার্থে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
